

AKASHVANI (Kolkata)
Regional News Unit

Date : 29-01-2026

Desk in Charge: S.D.G.

Time : 7-35 AM

Compiling : Priya B.

DEO : KB

NRT: Priya B.

Announcement :- আকাশবাণী /খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

- ১/ SIR-এর শুনানি দ্রুত শেষ করতে দৈনিক ৭ থেকে ৮ লক্ষ ভোটারের হিয়ারিং-এর নির্দেশ, কমিশনের।
- ২/ পাঁচটি রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য কেন্দ্রীয় পর্যবেক্ষক নিয়োগ করেছে নির্বাচন কমিশন। #এর মধ্যে ২৫ জন উচ্চপদস্থ আধিকারিক রয়েছেন।
- ৩/ অরাজকতা বন্ধ করার প্রতিশ্রুতি দিয়ে ক্ষমতায় এসে তৃণমূল কংগ্রেস সরকার দুর্নীতির কারখানা খুলেছে বলে বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নরীন অভিযোগ করেছেন।
- ৪/ কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে ২০১৬ -র প্যানেলের অযোগ্য চিহ্নিত শিক্ষক ও শিক্ষাকর্মীদের বিশদ তথ্য সহ তালিকা প্রকাশ করেছে স্কুল সার্ভিস কমিশন।
- ৫/ দক্ষিণ ২৪ পরগণার নাজিরাবাদে গুদামে অগ্নিকান্ডের পর ওই এলাকায় ১৬৩ ধারা জারি করেছে প্রশাসন। এখনো একাধিক ব্যক্তি নিখোঁজ। প্রাণ হারিয়েছেন ২১ জন।
বিজেপি এই ঘটনায় বিচার বিভাগীয় তদন্তের দাবী জানিয়েছে।
- ৬/ রঞ্জি ট্রফি ক্রিকেটের গ্রুপ পর্বের শেষ ম্যাচে বাংলা আজ হরিয়ানার মুখোমুখি হবে।

নির্ধারিত সময়সীমার মধ্যে SIR-এর শুনানি প্রক্রিয়া শেষ করতে প্রতিদিন ৭ থেকে ৮ লক্ষ ভোটারের শুনানি নির্দেশ দিয়েছে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের এর দপ্তর। এই মর্মে জেলা নির্বাচনী আধিকারিক সহ শুনানির সঙ্গে সংশ্লিষ্ট আধিকারিক ও কর্মীদের নির্দেশ দেওয়া হয়েছে। সূচি অনুযায়ী আগামী ৭ ফেব্রুয়ারি পর্যন্ত এই শুনানি পর্ব চলার কথা। নির্বাচন কমিশন সূত্রে জানা গিয়েছে রাজ্যে মোট দেড় কোটি ভোটারকে শুনানির জন্য ডাকা হচ্ছে। এর মধ্যে ৯০ লক্ষ মানুষের শুনানি ইতিমধ্যেই শেষ হয়েছে। এক কোটি ৩০ লক্ষের বেশি মানুষ নোটিশ পেয়েছেন।

নির্বাচন কমিশন পশ্চিমবঙ্গ সহ পাঁচ রাজ্যে আসন্ন নির্বাচনের জন্য কেন্দ্রীয় পর্যবেক্ষক বা সেন্ট্রাল অবজার্ভার নিয়োগ করেছে। প্রকাশিত তালিকায় এ রাজ্য থেকে মোট ২৫ জন সিনিয়র আধিকারিকের নাম রয়েছে। তাঁদের মধ্যে রয়েছেন স্বরাষ্ট্রসচিব জগদীশ প্রসাদ মীনা সহ ১৫ জন আইএএস এবং ১০ জন আইপিএস আধিকারিক। রয়েছেন হাওড়া ও আসানসোলার পুলিশ কমিশনারও।

পাশাপাশি রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগারওয়ালকে পাঠানো এক চিঠিতে নির্বাচন কমিশন জানিয়েছে, আগামী ৫ এবং ৬ ফেব্রুয়ারি নতুন দিল্লিতে ইন্ডিয়া ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অফ ডেমোক্রেসি এন্ড ইলেকশন ম্যানেজমেন্ট-এ তালিকাভুক্ত সমস্ত আধিকারিকদের জন্য ব্যাচভিত্তিক বাধ্যতামূলক ব্রিফিং বৈঠকের আয়োজন করা হয়েছে। বৈঠকে অনুপস্থিতির যথাযথ কারণ দর্শাতে না পারলে কড়া পদক্ষেপ নেওয়া হবে বলে কমিশন জানিয়েছে।

উল্লেখ্য, কেন্দ্রীয় অবজার্ভার নিয়োগের জন্য রাজ্য সরকারের কাছে একাধিকবার আধিকারিকদের নামের তালিকা চাওয়া হলেও নির্দিষ্ট সময়ের মধ্যে রাজ্য সরকারের কাছ থেকে উত্তর না মেলায় কমিশন নিজেই অবজার্ভারদের তালিকা চূড়ান্ত করে তা প্রকাশ করেছে।

অরাজকতা বন্ধ করার প্রতিশ্রুতি দিয়ে ক্ষমতায় এসে তৃণমূল কংগ্রেস সরকার দুর্নীতির কারখানা খুলেছে বলে বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন অভিযোগ করেছেন। দু-দিনের রাজ্য সফরের অন্তিম দিনে গতকাল দুর্গাপুরে দলীয় কার্যকরতাদের সঙ্গে এক বৈঠকে তিনি বলেন, শিক্ষা, চাকরি বিভিন্ন ক্ষেত্রে রাজ্যে যারা দুর্নীতি করেছেন, তাদের স্থান হবে সংশোধনাগারে।

(বাইট- নীতিন নবীন)

বিজেপির সর্বভারতীয় সভাপতি গতকাল, পশ্চিমবঙ্গ, দেশ এবং দেশের বাইরে থাকা বাঙালিদের ডিজিটাল ভাবে যুক্ত করতে ‘ডিজিটাল ওয়ারিয়র্স’ অভিযান শুরু করেন। বিজেপির ডিজিটাল যোদ্ধা হতে ১৮০০-৩১৫৭-১১১ এই নম্বরে মিস কল দিতে হবে। পাশাপাশি www.digitalwarriors.bjpbengal.org এই ওয়েবসাইটে এবং সংশ্লিষ্ট ফেসবুক পেজে ক্লিক করে নাম নথিভুক্ত করা যাবে।

বাজেট অধিবেশনের দ্বিতীয় দিনে আজ কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন সংসদে ২০২৫/২৬-এর অর্থনৈতিক সমীক্ষা পেশ করবেন। মুখ্য অর্থনৈতিক উপদেষ্টার তত্ত্বাবধানে মন্ত্রকের অর্থনৈতিক বিষয়ক দপ্তর, এই সমীক্ষা প্রস্তুত করেছে। দেশের বর্তমান অর্থনৈতিক পরিস্থিতি এবং ভবিষ্যত অভিমুখ নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়েছে এখানে। আগামী রবিবার ২০২৬/২৭ অর্থ বর্ষের কেন্দ্রীয় বাজেট পেশ করা হবে। বাজেট অধিবেশনের প্রথম পর্ব চলবে ১৩ই ফেব্রুয়ারী পর্যন্ত। দ্বিতীয় পর্ব- ৯ই মার্চ শুরু হয়ে দোসরা এপ্রিল পর্যন্ত চলবে। বাজেট অধিবেশনে মোট ৩০ বার সভা বসবে।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, কেন্দ্রীয় সরকার দেশে সামাজিক ন্যায় বিচার সুনিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। বাজেট অধিবেশনের প্রথম দিনে গতকাল, সংসদের উভয় কক্ষের যৌথ অভিভাষণে শ্রীমতী মুর্মু বলেন, সরকারের নিরন্তর প্রচেষ্টায় দেশের প্রায় ৯৫ কোটি

নাগরিক সামাজিক সুরক্ষা ও সুবিধা পাচ্ছেন। ‘সব কা সাথে সব কা বিকাশ’- এর ভাবনা দেশবাসীর জীবনে ইতিবাচক পরিবর্তন এনেছে।

(বাইট – রাষ্ট্রপতি/ সবকা সাথে সবকা বিকাশ)

বিচার ব্যবস্থার সাফল্য নির্ভর করে নাগরিকদের নির্ভর মনোভাব, নিরাপত্তা, সহজ জীবনযাপন এবং ক্ষমতায়নের ওপর। সেকথা মাথায় রেখেই ভারতীয় ন্যায় সংহিতা, দ্রুত গতিতে বাস্তবায়ন করা হচ্ছে। ‘জন বিশ্বাস’ আইনের একটি নতুন পর্যায়’ও চালু করা হয়েছে।

গ্রামীণ এলাকার কর্মসংস্থান ও বিকাশের লক্ষ্যে বিকশিত ভারত জি-রাম-জি আইন কার্যকর হয়েছে বলে শ্রীমতী মুর্মু উল্লেখ করেন। তিনি বলেন, নতুন এই আইনের মাধ্যমে গ্রামাঞ্চলের মানুষদের জন্য ১২৫ দিনের কর্ম নিশ্চয়তার উদ্যোগ নিয়েছে সরকার। সংসদ, সরকার এবং নাগরিকদের সমন্বিত প্রচেষ্টা, বিকশিত ভারতের লক্ষ্য পূরণে সহায়ক হয়ে উঠবে বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন রাষ্ট্রপতি।

প্রধানমন্ত্রীর ফ্ল্যাগশিপ কর্মসূচী Pro-Active Governance and Timely Implementation - PRAGATI (প্রগতি)-র ৫০-তম বৈঠক সাফল্যের সঙ্গে অনুষ্ঠিত হয়। একে উল্লেখযোগ্য মাইলফলক হিসাবে দেখছে সরকার। ২০১৫ সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই উদ্যোগ চালু করার পর সম্পূর্ণ পাLETTE গেছে দেশের প্রশাসনিক ব্যবস্থাপনা। সম্ভব হয়েছে প্রকৃত সময়ে প্রকল্পের নজরদারি। মূল পরিকাঠামোগত প্রকল্পগুলি নিয়ে জনগণের মতামত বা অভিযোগ সরাসরি প্রধানমন্ত্রীর কাছে পাঠানো যাচ্ছে। একক ডিজিটাল প্ল্যাটফর্মের মধ্যে দিয়ে কেন্দ্র, রাজ্য ও বিভিন্ন মন্ত্রককে এক জায়গায় আনা সম্ভব হয়েছে, যা সফল গণতান্ত্রিক ব্যবস্থার অন্যতম উদাহরণ।

‘প্রধানমন্ত্রী কৃষি সিচাই যোজনা’র আওতায়, মহারাষ্ট্রের ইয়াভাতমাল জেলায় বেমলা সেচ প্রকল্প, কৃষি ক্ষেত্রে এক বিশেষ গুরুত্বপূর্ণ উদ্যোগ। ২০০৭ সালের এপ্রিলে ২’হাজার ৬৮৫ কোটি টাকা ব্যয় মূল্যের এই প্রকল্পে অনুমোদন মেলে। প্রগতি-র আওতায় এই প্রকল্পের ওপর নজরদারি চলছে। ২’হাজার ২৩ সালের ২৫শে অক্টোবর প্রধানমন্ত্রী

নরেন্দ্র মোদী, এই প্রকল্প পর্যালোচনার পর উদ্ভূত বিভিন্ন সমস্যার সমাধানে একাধিক নির্দেশ জারি করা হয়।

‘আজকের প্রসঙ্গ’ অনুষ্ঠানে এবারের বিষয়- প্রগতি। আজ শুনবেন বিশেষ আলোচনা- “নতুন ভারত গঠনে সারা দেশে সড়ক যোগাযোগ ব্যবস্থার বিস্তার ” । ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট কলকাতার অবসরপ্রাপ্ত অধ্যাপক প্রফেসর সুজয়া বসু-র সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার । আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে ২০১৬ -র প্যানেলের অযোগ্য চিহ্নিত শিক্ষক ও শিক্ষাকর্মীদের বিশদ তথ্য সহ তালিকা প্রকাশ করেছে স্কুল সার্ভিস কমিশন। ওই তালিকায় ১৮’শোর বেশি শিক্ষক এবং সাড়ে তিন হাজার শিক্ষাকর্মীর নাম আছে। তালিকায় রোল নম্বর, বাবার নাম ছাড়াও কী ধরনের অনিয়ম করে তারা চাকরি পেয়েছেন, সেই বিষয়টির উল্লেখ রয়েছে। প্যানেল বহির্ভূত নিয়োগ, র‍্যাঙ্ক জাম্প, OMR শিটে গোলমাল সহ বিভিন্ন কারণের কথা জানিয়েছে স্কুল সার্ভিস কমিশন।

এছাড়াও, নতুন নিয়োগ প্রক্রিয়ায় এই তালিকায় থাকা ব্যক্তির অংশগ্রহণ করে থাকলে, তাঁদের নিয়োগ প্রক্রিয়া থেকে সরানো হবে বলে কমিশন জানিয়েছে।

রাজ্যের আরো দুই বিশ্ববিদ্যালয়ে স্থায়ী উপাচার্য নিয়োগ করেছেন আচার্য তথা রাজ্যপাল সিভি আনন্দ বোস। উত্তর ২৪ পরগণার হরিচাঁদ গুরুচাঁদ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক নিমাইচন্দ্র সাহাকে ওই বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দায়িত্ব দেওয়া হয়েছে এবং সংস্কৃত কলেজ ও বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক অয়ন ভট্টাচার্যকে উপাচার্য হিসেবে নিয়োগ করা হয়েছে।

এর আগে উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ে দেবব্রত বসু, ওয়েস্ট বেঙ্গল স্টেট ইউনিভার্সিটিতে দেবব্রত মিত্র এবং বাবাসাহেব আম্বেদকর এডুকেশন ইউনিভার্সিটিতে অরুণাশিস গোস্বামীকে উপাচার্য হিসেবে নিয়োগ করেন রাজ্যপাল।

দক্ষিণ ২৪ পরগণার নরেন্দ্রপুরের নাজিরাবাদে দুটি গুদামে ভয়াবহ অগ্নিকান্ডের পর ওই এলাকায় ১৬৩ ধারা জারি করেছে প্রশাসন। তদন্ত ও উদ্ধার কাজে যাতে বিঘ্ন না ঘটে এবং আইন শৃঙ্খলা বজায় রাখতেই এই সিদ্ধান্ত বলে জানানো হয়েছে। এই ঘটনায় এখনো একাধিক ব্যক্তি নিখোঁজ। প্রাণ হারিয়েছেন ২১ জন। ছাই-এর গাদা থেকে উদ্ধার হওয়া দেহাংশ শনাক্তকরণের জন্য DNA পরীক্ষার প্রক্রিয়া শুরু হয়েছে। গতকাল নিখোঁজ শ্রমিকদের পরিবারের সদস্যদের রক্তের নমুনা সংগ্রহ করা হয় বারুইপুর মহকুমা হাসপাতালে।

একটি প্রতিবেদন- (ভিসি- গৌতম)

এই ঘটনায় ধৃত ডেকরেটার্স সংস্থার গুদামের মালিক গঙ্গাধর দাসকে গতকাল বারুইপুর মহকুমা আদালতে তোলা হলে সাত দিনের পুলিশ হেফাজত হয়েছে। তার গোড়াউনে কোনো অগ্নি নির্বাপণ ব্যবস্থা ছিলনা বলে অভিযোগ।

এদিকে, গড়িয়ার শীতলামন্দির থেকে নাজিরাবাদ পর্যন্ত আজ মিছিলের অনুমতি চেয়ে বিজেপির তরফে আবেদন জানানো হলেও, আইন শৃঙ্খলার কারণ দেখিয়ে পুলিশ অনুমতি দেয়নি। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর ওই মিছিলে উপস্থিত থাকার কথা। অনুমতি না পাওয়ায় দলের তরফে কলকাতা হাইকোর্টে আবেদন জানানো হবে বলে সূত্রের খবর।

অন্যদিকে, বিরোধী দলনেতা এই ঘটনায় দমকল মন্ত্রী সুজিত বসুর পদত্যাগ এবং বিচার বিভাগীয় তদন্তের দাবি জানিয়েছেন।

(বাইট- শুভেন্দু)

রাজ্যে সর্বনিম্ন তাপমাত্রা ধীরে ধীরে বাড়লেও রয়েছে শীতের আমেজ।

আলিপুরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৬ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা ২ দশমিক এক ডিগ্রি বেশি। গতকাল সর্বোচ্চ তাপমাত্রাও ছিল স্বাভাবিকের চেয়ে সামান্য বেশি।

পশ্চিমী ঝঞ্ঝার কারণে আজ ও আগামীকাল দার্জিলিং পাহাড়ি এলাকায় হালকা বৃষ্টি বা তুষারপাতের সম্ভাবনা। এছাড়াও জলপাইগুড়ি, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টি হতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

রঞ্জি ট্রফি ক্রিকেটের গ্রুপ পর্বের শেষ ম্যাচে বাংলা আজ হরিয়ানার মুখোমুখি হবে। হরিয়ানার লাহলির চৌধুরী বংশীলাল ক্রিকেট মাঠে খেলা শুরু হবে সকাল সাড়ে

৯ টায়। ৬ ম্যাচে ৪ টি জিতে ও ২ টি ড্র করে ৩০ পয়েন্ট নিয়ে গ্রুপ সি-র শীর্ষে আছে বাংলা। অন্যদিকে, ৪ টি জিতে ও ২ টি ম্যাচ হেরে ২৪ পয়েন্ট নিয়ে হরিয়ানা গ্রুপের দ্বিতীয় স্থানে রয়েছে।
